**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়**
**খুলনা**
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০৫.৪৭০০.০১৩.৩৯.০০১.২৫-১২২৬

তারিখঃ ১৩/০৪/২০২৫খ্রি.

## "দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা জানানো যাচ্ছে যে, খুলনা জেলাধীন খুলনা সিএসডি'র অভ্যন্তরে কে টাইপের ০৮(আট)টি অব্যবহৃত, জরাজীর্ণ ও পরিত্যক্ত খাদ্য গুদাম যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রয়ের নিমিত্ত আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | খাদ্য মন্ত্রণালয়। |
| ২. | এজেন্সি | ঃ | খাদ্য অধিদপ্তর, ঢাকা । |
| ৩. | দরপত্র আহবানকারী কর্মকর্তা | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা। |
| ৪. | যে কাজের জন্য দরপত্র আহবান করা হয়েছে | ঃ | খুলনা সিএসডিতে অবস্থিত জরাজীর্ণ, অব্যবহৃত ও পরিত্যক্ত কে, টাইপ ৮টি খাদ্যগুদাম অপসারণ। |
| ৫. | সরকারি সংরক্ষিত দর | | দুই খাম পদ্ধতিতে উন্মুক্ত দরপত্র। |
| ৬. | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | ঃ | স্মারক নং-১৩.০৫.৪৭০০.০১৩.৩৯.০০১.২৫.১২২৬ তারিখ-১৩.০৪.২০২৫খ্রি.। |
| ৭. | দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ২৭/০৪/২০২৫ ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ৮. | দরপ্রস্তাব গ্রহণের তারিখ ও সময় | | ২৮/০৪/২০২৫ ইং তারিখ সকাল ০৯:০০ টা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ৯. | দরপত্র গ্রহণের স্থান | ঃ | ১) জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা'য় রক্ষিত দরপত্র বাক্স ।<br>২) জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা'য় রক্ষিত দরপত্র বাক্স। |
| ১০. | দরপত্র দলিল/সিডিউল প্রাপ্তির স্থান | | নেজারত শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,খুলনা |
| ১১. | দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ২৮/০৪/২০২৫ ইং তারিখ দুপুর ০২:০০ ঘটিকায় সকলের সম্মুখে (যারা উপস্থিত থাকবেন) খোলা হবে। |
| ১২. | দরপত্র উন্মুক্ত করণের স্থান | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা। |
| ১৩. | দরপত্র দাতা প্রতিষ্ঠানের যোগ্যতা | | দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী অনুযায়ী যোগ্যতা দাখিল করতে হবে। |
| ১৪. | দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | | প্রতিটি সিডিউলের মূল্য ১০০০.০০(এক হাজার) টাকা এ-চালানের মাধ্যমে চালান নং ১৪৮০২০১১৩ ০২২০ প্রধান কার্যালয়, ঢাকা ১৪২২৩২৮ দরপত্র দলিল ফি খাতে যেকোন তফিসিলি ব্যাংকে জমা পূর্বক নেজারত শাখায় চালানের মূল কপি জমা দিয়ে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। |
| ১৫. | দরপত্র জামানত (টেন্ডার সিকিউরিটি) | ঃ | বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক হইতে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রে উদ্ধৃত মোট দরের ২০% হারে দরপত্র জামানত (ফেরতযোগ্য) জমা দিতে হবে। |
| ১৬. | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম, ঠিকানা, পদবি ও ফোন নম্বর | ঃ | কাজী সাইফুদ্দিন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ফারাজীপাড়া, খুলনা, ফোন-০২৪৭৭৭২৮০৮৪ |
| ১৭. | দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীন সময়) | ঃ | নেজারত শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা। |
| ১৮. | দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন,২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা,২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখ্যান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | | |

**<u>দরপত্রের শর্তাবলী</u>**

১. সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের ৭ (সাত)কর্মদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত মোট মূল্য, সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট ও আয়কর এ-চালানের মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় প্রদান করে চালানের মূল এবং ছায়ালিপি জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনায় জমা দিতে হবে।

২. কর্তৃপক্ষ প্রয়োজন বোধে সরকারী স্বার্থে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নোটিশ বাতিল বা পরিবর্তন পুনঃনিলাম আহবান করতে পারেন।

৩. আগ্রহী দরদাতাগন অফিস চলাকালীন সময়ে উল্লেখিত স্থাপনা সরেজমিনে প্রত্যক্ষ করতে পারবেন। দরপত্র দাখিলের পর কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না

৪. সিডিউল আগামী ২৭/০৪/২০২৫ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কার্যালয় হতে ক্রয় করতে হবে।

৫. প্রতিটি সিডিউলের মূল্য ১০০০.০০(এক হাজার) টাকা এ-চালানের মাধ্যমে চালান নং ১৪৮০২০১১৩ ০২২০ প্রধান কার্যালয়, ঢাকা ১৪২২৩২৮ দরপত্র দলিল ফি খাতে যেকোন তফিসিলি ব্যাংকে জমা পূর্বক নেজারত শাখায় চালানের কপি জমা দিয়ে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে।

৬. দরদাতাগণকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ/নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর/সনদ, আর্থিক স্বচ্ছলতা সনদ, জাতীয় পরিচয়পত্র (NID), পাসপোর্ট সাইজের ৩(তিন)কপি ছবি দাখিল করতে হবে। বর্ণিত কাগজপত্র ৯ম গ্রেডের বা তদুর্ধ কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে চাহিবামাত্র মুলকপি প্রদর্শন করতে হবে।

৭. দরপত্রে প্রদত্ত দর ঘষামাজা, ফ্লুইড, কাটাকাটি, উপরিলিখন, দূবোর্ধ্য কিংবা দরপত্র আংশিক পুরণ কিংবা ভুল থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৮. দরদাতা কর্তৃক দরপত্র পুরণ পূর্বক দরপত্র দাতার পূর্ণ নাম, ঠিকানা উল্লেখ করত দরপত্রের প্রত্যেক পাতায় স্ব-হস্তে স্বাক্ষর করতে হবে। খামের ডান পাশে জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা" এবং বাম পার্শ্বে দরদতার পূর্ন নাম ঠিকানা উল্লেখ করতে হবে। দরদাতা কর্তৃক দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের উপর ২০% হারে দরপত্র জামানত বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক হইতে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে। অকৃতকার্য দরদাতার বায়নার অর্থ দরপত্রের বিষয়ে চুড়ান্ত সিদ্ধান্তের পর এবং কৃতকার্য দরদাতার বায়নার অর্থ সমুদয় মালামাল অপসারণের পর সংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে ফেরৎ দেয়া হবে ।

৯. অনুমোদিত নিলাম মূল্যের উপর ১০% (শতকরা দশ) ভাগ হারে আয়কর এবং ৭.৫% (শতকরা সাত দশমিক পাঁচ) ভাগ হারে ভ্যাট অতিরিক্ত মূল্য হিসাবে নিলাম মূল্যের সাথে প্রদান করতে হবে।

১০. কার্যাদেশ প্রদানের ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে নিজ খরচ এবং দায়িত্বে মালামাল অপসারণ করতে হবে। অপসারণের পর ক্রেতা নিজ ব্যবস্থাপনায় মাটি সমান করে দিবেন।

১১. নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে তার/তাদের নিরাপত্তা জামানতের টাকা বাজেয়াপ্ত সহ নিলাম কোটেশন বাতিল হবে।

১২. উল্লিখিত পরিত্যাক্ত ভবন দরপত্র দাখিলকারীগন নিজ খরচে ভবনের সমুদয় মালামাল অপসারণ করে নিয়ে যাবেন।

১৩. অপসারণ বা ভবন ভেঙ্গে নেওয়া বাবদ কোন প্রকার বিল দাখিল করতে পারবেন না বা প্রাপ্য হবেন না।

১৪. অপসারণকালীন সময়ে কোন পুরাকীর্তি বা ঐতিহাসিক মূল্যবান বস্তু পাওয়া গেলে সরকারী কোষাগারে জমা দিতে হবে।

১৫. অপসারণকালীন সময়ে যে কোন দূর্ঘটনার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কিংবা সমুদয় দরপত্র গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭. বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে

১৮. **যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিলাম পত্র গ্রহণের ব্যাপারে কোন প্রকার কারণ দর্শাইতে বাধ্য নয়।**

(কাজী সাইফুদ্দিন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
খুলনা
ও
সদস্য-সচিব
জরাজীর্ণ ও পরিত্যক্ত স্থাপনা সমূহ
নিষ্পত্তি সংক্রান্ত মূল্যায়ন কমিটি, খুলনা

স্মারক নং-১৩.০৫.৪৭০০.০১৩.৩৯.০০১.২৫-১২২৬ তারিখঃ ১৩/০৪.২০২৫খ্রি

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহা পরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি সহ সিডিউল-১ (এক) প্রস্থ।
২। পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, ঢাকা। সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি সহ সিডিউল-১ (এক) প্রস্থ।
৫। প্রকল্প পরিচালক, "দেশের বিভিন্ন কৌশলগত স্থানে নতুন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবধাদি নির্মাণ" শীর্ষক প্রকল্প, খাদ্য অধদিপ্তর, ঢাকা।
৬। জেলা প্রশাসক, খুলনা ও সভাপতি, জরাজীর্ণ ও পরিত্যক্ত স্থাপনা সমূহ নিষ্পত্তি সংক্রান্ত মূল্যায়ন কমিটি, সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি সহ সিডিউল-১ (এক) প্রস্থ।
৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা ও সদস্য, জরাজীর্ণ ও পরিত্যক্ত স্থাপনা সমূহ নিষ্পত্তি সংক্রান্ত মূল্যায়ন কমিটি।
৮। সিস্টেম এনালিষ্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তি টি খাদ্য অধিদপ্তর, ঢাকার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ কর হলো।
৯। নির্বাহী প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, ঢাকা। সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি সহ সিডিউল-১ (এক) প্রস্থ।
১০। জনাব আব্দুল্লাহ, উপ-সহকারী প্রকৌশলী,পিডব্লিউডি-২,খুলনা ও সদস্য, জরাজীর্ণ ও পরিত্যক্ত স্থাপনা সমূহ নিষ্পত্তি সংক্রান্ত মূল্যায়ন কমিটি। সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি সহ সিডিউল-১ (এক) প্রস্থ।

১১। জনাব মেহেদী হাসান, সহকারী রাজস্ব কর্মকর্তা, পানি উন্নয়ন বিভাগ-১, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, খুলনা ও সদস্য, জরাজীর্ণ ও পরিত্যক্ত স্থাপনা সমূহ নিষ্পত্তি সংক্রান্ত মূল্যায়ন কমিটি। সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি সহ সিডিউল-১ (এক) প্রস্থ।

১২। জনাব নাজমুল সালেকীন জোয়ার্দ্দার, সহকারী প্রকৌশলী, এলজিইডি, খুলনা ও সদস্য, জরাজীর্ণ ও পরিত্যক্ত স্থাপনা সমূহ নিষ্পত্তি সংক্রান্ত মূল্যায়ন কমিটি। সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি সহ সিডিউল-১ (এক) প্রস্থ।

১৩। আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।

১৪। জনাব কে, এম মনিরুজ্জামান, হিসাব রক্ষক, অত্র কার্যালয়। বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৫। নোটিশ বোর্ড, অত্র দপ্তর

১৫। মাষ্টার ফাইল।

৩/০৪/২৫

জেলা খাদ্য নিয়ন্ত্রক
খুলনা

৩/০৪/২৫